

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ছাগলনাইয়া, ফেনী
www.chhagalnaiya.feni.gov.bd



স্মারক নং- ০৫.২০.৩০২৮.০০১.১৬.০০৮.১৯-

৬৬৪


তারিখঃ ১১/০৬/২০২০

বিষয় : লকডাউন চলাকালীন স্বেচ্ছাসেবকদের কর্মপরিধি।

উপর্যুক্ত বিষয়ের আলোকে ১২/০৬/২০২০ তারিখ থেকে ২৫/০৬/২০২০ তারিখ পর্যন্ত লকডাউন চলাকালীন স্বেচ্ছাশ্রমের ভিত্তিতে প্রতি ওয়ার্ডে ১০ জন এবং প্রতি চেকপোস্টে ০২ জন স্বেচ্ছাসেবক নিয়োজিত করতে হবে মর্মে গত ১০/০৬/২০২০ তারিখের উপজেলা করোনা ভাইরাস প্রতিরোধ কমিটির সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত সিদ্ধান্তের আলোকে নিয়োজিত স্বেচ্ছাসেবকদের কর্মপরিধি হবে নিম্নরূপঃ

১. মেয়র, ছাগলনাইয়া পৌরসভা প্রধান সমন্বয়ক হিসেবে থাকবেন।
২. সংশ্লিষ্ট ওয়ার্ড কাউন্সিলরের নেতৃত্বে ১০ সদস্যের স্বেচ্ছাসেবক কমিটি গঠন করতে হবে। যেই ওয়ার্ডে চেকপোস্ট বসানো হবে সেখানে প্রতি চেকপোস্টের জন্য ০২ জন করে সার্বক্ষণিক দায়িত্ব পালনের জন্য (সিডিউল করে) স্বেচ্ছাসেবক নিয়োজিত করতে হবে।
৩. স্বেচ্ছাসেবকগণ লকডাউন এলাকার প্রবেশমুখে যেখানে চেকপোস্ট থাকবেনা সেখানে কঠোর নজরদারি রাখবেন।
৪. লকডাউন এলাকায় লকডাউনের আওতাভুক্ত দোকানগুলো বন্ধ থাকার বিষয়টি কঠোরভাবে নিয়ন্ত্রণ করবেন। কোন এলাকায় এর ব্যত্যয় ঘটলে সংশ্লিষ্ট স্বেচ্ছাসেবককে শাস্তি/বহিষ্কার/তিরস্কার করা হবে।
৫. লকডাউন সময়ে যাতে কোনভাবেই উক্ত এলাকায় যানবাহন (বাস/রিক্সা/সিএনজি/মোটরসাইকেলসহ অন্যান্য যানবাহন) চলাচল করতে না পারে সে বিষয়ে কঠোর নজরদারি রাখবেন।
৬. বাহিরে থেকে কেউ লকডাউন এলাকায় প্রবেশ করতে চাইলে তাকে বুকিয়ে ফেরত পাঠাতে হবে। কোন অবস্থাতেই খারাপ আচরণ করা যাবে না।
৭. দায়িত্বপালনে কোন প্রকার সমস্যার সম্মুখীন হলে দ্রুত উপজেলা প্রশাসনকে অবহিত করতে হবে। কোন অবস্থাতেই আইন নিজের হাতে নেয়া যাবে না।

উপর্যুক্ত নির্দেশনাগুলোর আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।



(সাজিয়া তাহের)

উপজেলা নির্বাহী অফিসার

ও

সভাপতি

উপজেলা করোনা ভাইরাস প্রতিরোধ কমিটি

ছাগলনাইয়া, ফেনী

ফোনঃ ০৩৩২-২৭৮০০১

মেয়র
ছাগলনাইয়া পৌরসভা
ফেনী